

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : [www.comillaboard.gov.bd](http://www.comillaboard.gov.bd)

স্মারক নং : পরী/গোপনীয়/২০২৪/০১১৮

তারিখ : ২২/১০/২০২৪ খ্রি.

বিষয় : এইচএসসি-২০২৪ পরীক্ষার ফলাফল বিষয়ক অভিযোগ দাখিল প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এইচএসসি-২০২৪ পরীক্ষা বিগত ৩০/০৬/২০২৪ হতে আরম্ভ হয়ে ১৬/০৭/২০২৪ তারিখ পর্যন্ত অনুমোদিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হয়। অনিবার্য কারণে পরবর্তী পরীক্ষাগুলো প্রথমে স্থগিত এবং পরে বাতিল করা হয়। যে সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হয়েছিল সে সকল বিষয়ের উত্তরপত্র মূল্যায়ন করা নম্বর এবং যে সকল বিষয়ের পরীক্ষা বাতিল করা হয়েছে, সে সকল বিষয়ের নম্বর সংশ্লিষ্ট পরীক্ষার্থীর এসএসসি/সমমানের নম্বর হতে ম্যাপিং করে (এইচএসসি-২০২০ ফলাফল প্রস্তুতের জন্য গঠিত অনুমোদিত পরামর্শ কমিটির সুপারিশের ভিত্তিতে) আনয়নপূর্বক এইচএসসি পরীক্ষার ফলাফল প্রস্তুত করা হয়। ১৫/১০/২০২৪ তারিখ ফলাফল প্রকাশের পর কিছু সংখ্যক পরীক্ষার্থী নিজেদের রেজাল্টে সন্তুষ্ট না হওয়ায় সামাজিক যোগাযোগ মাধ্যম/মোবাইল/টেলিফোন/ মেসেজ/ই-মেইলসহ বিভিন্নভাবে বোর্ডের দৃষ্টি আকর্ষণের চেষ্টা করছে। পাবলিক পরীক্ষার বিধি অনুযায়ী (১৬/১০/২০২৪ হতে ২২/১০/২০২৪ পর্যন্ত) পুনঃনিরীক্ষণের আবেদন করার সুযোগ থাকা সত্ত্বেও পরীক্ষার্থীরা লিখিত অভিযোগ দাখিলের জন্য বোর্ডে যোগাযোগ করে। পরীক্ষার্থীদের অভিযোগ দাখিলের দাবীর প্রেক্ষিতে নিম্নে উল্লেখিত ছক অনুযায়ী কুমিল্লা শিক্ষাবোর্ড মিলনায়তনে আবেদন জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

ছক

তারিখ	জেলার নাম	সময়
২৭/১০/২০২৪ খ্রি.	চাঁদপুর, ব্রাহ্মণবাড়িয়া ও নোয়াখালী	সকাল ১১.০০ টা - দুপুর ০১.০০ টা
২৮/১০/২০২৪ খ্রি.	কুমিল্লা, ফেনী ও লক্ষ্মীপুর	সকাল ১১.০০ টা - দুপুর ০১.০০ টা

আবেদনের সাথে সংযুক্ত কাগজপত্র :

ক) রেজি: নং, রোল নং, মোবাইল নম্বর উল্লেখসহ আবেদনপত্র


খ) এইচএসসি-২০২৪ এর রেজি: কার্ড ও প্রবেশপত্র

গ) সফলভাবে সম্পন্ন পুনঃনিরীক্ষণের এসএমএস এর প্রিন্ট কপি, নম্বরসহ (এইচএসসি-২০২৪) বোর্ড প্রদত্ত রেজাল্ট সীট

ঘ) এসএসসি/সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট

বি: দ্র: পূর্বে আবেদন করা পরীক্ষার্থীদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর ড. মোঃ আসাদুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ অনুলিপি দেয়া হল (ক্রম জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. সিনিয়র সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
০৪. অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা প্রশাসক/পুলিশ সুপার/উপজেলা নির্বাহী অফিসার
০৫. অত্র বোর্ডের অনুমোদিত উচ্চমাধ্যমিক পরীক্ষা কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ
০৬. অত্র বোর্ডের অনুমোদিত কলেজ/স্কুল ও কলেজসমূহের অধ্যক্ষবৃন্দ
০৭. অত্র বোর্ডের সকল কর্মকর্তা
০৮. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সহকারী
০৯. অত্র বোর্ডের ওয়েবসাইট
১০. সংশ্লিষ্ট নথি